

বিএসইসি কর্তৃক ৮ মার্চ ২০১৮ বিশ্ব নারী দিবস উদযাপন

৮ মার্চ ২০১৮ বিশ্ব নারী দিবসে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন অত্র সংস্থার সকল নারী কর্মচারী তথা বিশ্বের সকল নারীকে সম্মান জানানোর জন্য কমিশনের হল রুমে একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করে। কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে কমিশনের সকল কমিশনার, সকল নারী কর্মচারী এবং সর্বস্তরের কর্মচারীগণ উপস্থিত ছিলেন। কমিশন সকল নারী কর্মচারীকে বিশ্ব নারী দিবস উপলক্ষে ফুলের তোরা দিয়ে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে এবং সুভেনিয়র উপহার দেয়।



কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন তাঁর বক্তব্যে বিশ্ব নারী দিবসের তাৎপর্য উল্লেখ করে কমিশনের সকল নারী কর্মচারীর কর্তব্যপরায়নতা, দায়িত্ববোধ এবং অবদানের কথা শ্রদ্ধার সাথে স্মরণ করেন এবং নারীদের আরও এগিয়ে যাওয়ার অনুপ্রেরণা জোগান। তিনি সকল পুরুষদেরও নারীদের প্রতি অধিকতর দায়িত্বশীল ও সচেতন হওয়ার আহবান জানান। অনুষ্ঠানে সকল কমিশনার, কয়েক জন নারী কর্মচারী ও পুরুষ কর্মচারী নারী দিবসের তাৎপর্য সম্পর্কে বক্তব্য উপস্থাপন করেন। পরিশেষে একটি সংগীতানুষ্ঠানের আয়োজন করা হয়, যেখানে সকল নারী কর্মচারীর সম্মিলিত দেশাত্মবোধক গান “ এমন দেশটি কোথাও খোজে পাবে না কো ভুমি.....” এর পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠানটির সমাপ্তি ঘোষিত হয়।

